**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 04.04.24 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ লোকসভা ভোটে দ্বিতীয় দফার জন্য মনোনয়ন পেশের সময়সীমা আজ শেষ হচ্ছে। এই দফায় রাজ্যের দার্জিলিং, বালুরঘাট ও রায়গঞ্জ আসনে ভোট গ্রহণ ২৬শে এপ্রিল।

২/ লোকসভা ভোট অবাধ ও শান্তিপূর্ণ রাখতে বিভিন্ন দপ্তর ও কেন্দ্রীয় এজেন্সির মধ্যে নিবিড় সমন্বয় এবং সহযোগিতা সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন রাজ্য প্রশাসনকে নির্দেশ দিয়েছে।

৩/ উত্তরবঙ্গে জনসভার মধ্যে দিয়ে এরাজ্যে আজই প্রচার শুরু করছেন প্রধানমন্ত্রী।

# মুখ্যমন্ত্রীও আজ উত্তরবঙ্গে জনসভা করবেন।

৪/ দাড়িভিট কান্ডে NIA তদন্তের সিঙ্গল বেঞ্চের নির্দেশ বহাল ডিভইশন বেঞ্চে। ৫/

৫/ প্রবল গরম ও তাপপ্রবাহের পূর্বাভাসের প্রেক্ষিতে রাজ্য সরকার সাধারণ মানুষকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে।

৬/ ISL ফুটবলে ইস্ট বেঙ্গল ৪/২ গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে।

৭/ IPL ক্রিকেটে দিল্লি ক্যাপিটালসকে হারিয়েছে কলকাতা নাইট রাইডার্স।

*****************************************************************

লোকসভা ভোটের দ্বিতীয় দফার জন্য মনোনয়ন পেশের সময়সীমা আজ শেষ হচ্ছে। এই দফায় রাজ্যের দার্জিলিং, বালুরঘাট ও রায়গঞ্জ আসনে ভোট নেওয়া হবে ২৬শে এপ্রিল।

বালুরঘাটের বিজেপি প্রার্থী দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল মনোনয়ন পেশ করেন। এক বর্ণাঢ্য পদযাত্রায় তাঁর সঙ্গে জেলাশাসকের দপ্তরে যান ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডঃ. মানিক সাহা, বালুরঘাটের বিজেপি বিধায়ক ডঃ অশোক লাহিড়ী সহ দলীয় নেতা কর্মীরা।

দার্জিলিং কেন্দ্রে মনোনয়ন পেশ করেছেন বিজেপি প্রার্থী রাজু বিস্ত।

রায়গঞ্জ আসনে বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী হিসাবে মনোনয়ন জমা দিয়েছেন আলি ইমরান রামজ। তার আগে বিশাল একটি মিছিল রায়গঞ্জ শহর পরিক্রমা করে।

*****************

আসন্ন লোকসভা ও বিধানসভার উপনির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ করতে রাজ্য প্রশাসনকে সংশ্লিষ্ট দপ্তর এবং কেন্দ্রীয় এজেন্সিগুলির মধ্যে নিবিড় সমন্বয় ও সহযোগিতা সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার গতকাল বিভিন্ন রাজ্যের মুখ্যসচিব, পুলিশের ডিজি ও কেন্দ্রীয় এজেন্সির শীর্ষ আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। এরাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা ও ডিজিপি সঞ্জয় মুখোপাধ্যায় এতে যোগ দিয়েছিলেন। কোন অবস্থাতেই ভোটাররা যেন ভয় না পান তা সুনশ্চিত করতে আন্তঃরাজ্য ও আন্তর্জাতিক সীমানায় সুরক্ষা এবং প্রতিবেশী রাজ্যগুলির সঙ্গে নিরাপত্তা সংক্রান্ত সমন্বয় বৃদ্ধি করতে নির্বাচন কমিশনার নির্দেশ দিয়েছেন।

(বাইট- EC রাজীব কুমার)

নিয়মিত নজরদারির সঙ্গে ভোট গ্রহনের ৪৮ ঘন্টা আগে আন্তঃরাজ্য সীমানা সিল করে দিতে হবে। রাজ্য পুলিশের সঙ্গে সমন্বয় রেখে কেন্দ্রীয় সংস্থাকে যৌথ চেক পোস্ট তৈরি করতে বলা হয়েছে। স্পর্শকাতর বুথ ছাড়াও সীমান্তবর্তী জেলাগুলিতে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করতে হবে। প্রার্থী ও ভোট কর্মীদের সুরক্ষায় নিতে হবে সব ধরনের ব্যবস্থা।

এদিকে, পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা গতকাল কলকাতায় এসেছেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব এবং নির্বাচন দপ্তরের কর্তা ব্যক্তিদের সঙ্গে বৈঠক করেছেন তিনি।

প্রথম দফার তিন জেলার নির্বাচন নিয়েই মূলতঃ কথা হয়েছে বলে জানা গেছে। কোচবিহারের ৮৫ শতাংশ বুথকে স্পর্শকাতর হিসাবে চিহ্নিত করে সেখানে প্রয়োজনীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত হয়েছে। প্রথম পর্যায়ের তিন আসনের জন্য মোট ৩৩৬ কোম্পানী বাহিনী প্রয়োজন বলে আলোচনায় উঠে এসেছে।

****************

লোকসভা ভোটের প্রথম পর্যায়ে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা নিয়ে আলোচনা করতে নির্বাচন কমিশন বৈঠকে বসছে। আগামী শনিবার ওই বৈঠকে উপস্থিত থাকার জন্য রাজ্য পুলিশের নোডাল অফিসার এবং কেন্দ্রীয় বাহিনীর কো অর্ডিনেটর B. K. শর্মাকে চিঠি দেওয়া হয়েছে। রাজ্যের প্রথম দফার ভোটে সব বুথে কেন্দ্রীয় বাহিনী থাকা নিয়ে অনিশ্চিত নির্বাচন কমিশন। কমিশন সূত্রে খবর, প্রথম দফার তিনটি আসনে কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করাতে প্রায় ৩৫০ কোম্পানি বাহিনী প্রয়োজন।

****************

রাজ্যে লোকসভা ভোটের জন্য প্রচারাভিযান রীতিমত জমজমাট। শীর্ষ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী আজ কোচবিহারে নির্বাচনী জনসভায় অংশ নেবেন। রাসমেলা ময়দানে কোচবিহার ও আলিপুরদুয়ার লোকসভা কেন্দ্রের প্রার্থীদের সমর্থনে এই জনসভা। এরপর আগামী ৭ তারিখ প্রধানমন্ত্রী জলপাইগুড়ি ও দার্জিলিং লোকসভা কেন্দ্রের প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন। এরাজ্যে দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে আসার কথা বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ, রাজনাথ সিং, বিজেপির সর্ব ভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা এবং অসম ও উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রীদের। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ কোচবিহারের মাথাভাঙ্গায় জনসভা করবেন।

একটি প্রতিবেদন- (ভয়েস কাস্ট- অভিরূপ)

বাম দলগুলিও জোর কদমে প্রচারে অংশ নিচ্ছে। CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ মুর্শিদাবাদে একাধিক জনসভায় অংশ নেবেন। কংগ্রেসকে সঙ্গে নিয়ে একটি যৌথ মিছিলেও তাঁর যোগ দেবার কথা। কংগ্রেস প্রার্থীরাও নিজ নিজ আসনে প্রচার চালাচ্ছেন।

দার্জিলিং আসনের বিজেপি প্রার্থী রাজু বিস্ত জনসংযোগ কর্মসূচীতে অংশ নেবেন। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মুর্শিদাবাদে দলীয় প্রার্থী গৌরিশঙ্কর ঘোষের সমর্থনে পদযাত্রা করেন।

এদিকে, ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট-ISF আজ তাদের দ্বিতীয় পর্যায়ের প্রার্থী তালিকা প্রকাশ করবে।

*****************

জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী জয়ন্ত রায়ের গাড়িতে হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। এই ঘটনাকে কেন্দ্র করে গতকাল উত্তেজনা ছড়ায় মালবাজারের বাগরাকোট এলাকায়।

জানা গেছে, গতকাল দুপুরে ওই এলাকায় প্রচার চালানোর সময় তৃণমূল কংগ্রেসের ৩০ থেকে ৪০ জন কর্মী-সমর্থক জয়ন্ত বাবুর গারির ওপর চড়াও হয়।

তাঁকে দেখানো হয় কালো পতাকা’ও । বিজেপি কর্মীদের সঙ্গে তৃণমূলের কর্মী-সমর্থকদের বচসা বাধে। বিরাট পুলিশ বাহিনী সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

*****************

দাড়িভিট কাণ্ডে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের নির্দেশের ওপর হস্তক্ষেপ করতে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ অস্বীকার করেছেন। বিচারপতি রাজারশেখর মান্থা গতবছর মে মাসে দাড়িভিটে ছাত্র মৃত্যুর ঘটনায় এনআইএ তদন্তের নির্দেশ দিয়েছিলেন। এত দিনেও আদালতের নির্দেশ কার্যকর না হওয়ায় গত ১৫ মার্চ রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব এবং ADG-CIDর বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করে আদালতে হাজির হওয়ার নির্দেশ দেন বিচারপতি মান্থা। ওই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয় রাজ্য সরকার।

গতকাল এই মামলার শুনানিতে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ জানিয়ে দিয়েছে, সিঙ্গল বেঞ্চের নির্দেশ বহাল থাকবে। অবিলম্বে NIA–র হাতে সমস্ত নথি তুলে দিতে হবে রাজ্যকে। সিঙ্গল বেঞ্চ ক্ষতিপূরণের যে নির্দেশ দিয়েছিল তাও বহাল রেখেছে ডিভিশন বেঞ্চ। আগামীকাল বিচারপতি মান্থার এজলাস এই মামলার শুনানি হবে।

উল্লেখ্য, ২০১৮-র সেপ্টেম্বরে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হয়ে ওঠে উত্তর দিনাজপুরের ইসলামপুরের দাড়িভিট হাইস্কুল। গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয় রাজেশ সরকার এবং তাপস বর্মণ নামে দুই প্রাক্তন ছাত্রের। পুলিশের বিরুদ্ধে গুলি চালানোর অভিযোগ করেন স্থানীয়রা। যদিও পুলিশ ওই অভিযোগ অস্বীকার করে।

*****************

প্রবল গরম ও তাপপ্রবাহের পূর্বাভাসের প্রেক্ষিতে রাজ্য সরকার সাধারণ মানুষকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে। পাশাপাশি জল ও বিদ্যুৎ সরবরাহ যাতে ব্যাহত না হয়, প্রশাসনকে তা নিশ্চিত করতে বলা হয়েছে। জেলাশাসকদের এজন্য বিদ্যুত্ এবং জনস্বাস্থ্য কারিগরি দফতরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করতে হবে।

কোনওভাবেই যাতে জল সঙ্কট অথবা বিদ্যুতের যোগানে সমস্যা তৈরি না হয় এবং আপতকালীন পরিস্থিতির জন্য যাতে সংশ্লিষ্ট দফতর তৈরি থাকে, সেই পরামর্শও দিয়েছে নবান্ন।

আবহাওয়া দফতর, চলতি সপ্তাহেই পশ্চিমাঞ্চলের একাধিক জেলায় তাপপ্রবাহের পরিস্থিতি তৈরির সতর্কতা জারি করেছে। দক্ষিণবঙ্গের একাধিক জেলায় লু বইতে পারে। কলকাতার তাপমাত্রা ছুঁতে পারে ৩৮ ডিগ্রি সেলসিয়াসে। এপ্রিলের শুরুতেই গরমের দাপটে মানুষ নাজেহাল। সেকারণেই এই সতর্কতা।

এর পাশাপাশি সাধারণ মানুষের সুরক্ষার জন্যও একাধিক নির্দেশিকা জারি করা হয়েছে। সুতির হালকা জামা কাপড় পরতে হবে। রোদে বেরোলে ছাতা ব্যবহার এবং শরীরে জলের যোগান ঠিক রাখতে বারবার জল, ORS, লস্যি ইত্যাদি পান করার পরামর্শ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের চেয়ে যা ৩'ডিগ্রি বেশী। সর্ব্বোচ্চ তাপমাত্রা ৩৮ ডিগ্রির আশেপাশে থাকতে পারে।

*****************

বিশ্ববিদ্যালয় পরিচালনা নিয়ে রাজ্য সরকারের সাম্প্রতিক নির্দেশিকা সম্পূর্ণ বেআইনি এবং UGC-র নিয়ম ও সর্বোচ্চ আদালতের নির্দেশের পরিপন্থী বলে রাজভবন দাবি করেছে। গতসন্ধ্যায় রাজভবন থেকে রাজ্যপালের রিপোর্ট কার্ড শীর্ষক একটি বিবৃতি প্রকাশ করা হয়েছে। রাজ্য সরকার বিশ্ববিদ্যালয়গুলির ক্ষমতা কুক্ষিগত করতে চাইছে বলে ওই রিপোর্টে অভিযোগ করা হয়েছে। বিবৃতিতে, রাজ্য উচ্চ শিক্ষা দফতরের ওই পদক্ষেপকে বেআইনি দাবি করে বলা হয়েছে। যেসব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রাজ্য সরকারের নির্দেশ মেনে বিশ্ববিদ্যালয়ের কাজ স্তব্ধ করে রেখেছেন, আচার্য তাঁদের সতর্ক করে দিয়েছেন। এপ্রসঙ্গে সুপ্রিম কোর্ট ও হাই কোর্টের একাধিক নির্দেশ উদ্ধৃত

করে আচার্যের ক্ষমতা স্মরণ করিয়ে দেওয়া হয়েছে। রাজ্যপাল জানিয়েছেন, বিশ্ববিদ্যালয়গুলি পরিচালিত হবে UGC-র নিয়মাবলী অনুযায়ী। কোনও রাজ্য সরকারের সঙ্গে যদি UGC-র নিয়মের সঙ্গে মতানৈক্য তৈরি হয়, তা হলে UGC-র নিয়মই কার্যকর হবে। রাজভবনের বিবৃতিতে জানানো হয়েছে, উপাচার্যেরা যেসব নির্দেশ দিয়েছিলেন, আচার্য ক্ষমতাবলে তা' রদ করছেন।

উল্লেখ্য সম্প্রতি গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্যকে অপসারণ নিয়ে রাজ্য রাজ্যপাল বিবাদ তুঙ্গে ওঠে।

রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়গুলিকে উচ্চশিক্ষা দপ্তরের পাঠানো ঐ নির্দেশিকায় বিশ্ববিদ্যালয়ের পরিচালনা ও আর্থিক ক্ষেত্রে রাজ্যের আইনগুলি কঠোরভাবে মেনে চলতে বলা হয়। অন্যথায় প্রশাসনিক পদক্ষেপের হুঁশিয়ারি দেওয়া হয়েছে। যার তীব্র সমালোচনা করেছে ওয়েবকুটা, জুটা, কুটা, আরবুটা সহ ১৫ টি বিশ্ববিদ্যালয় শিক্ষক সংগঠন।

*****************

কোচির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে গতকাল ISL ফুটবলে ইস্টবেঙ্গল
৪/২ গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে ক্রেস্পো ও নাওরেম দুটি ক'রে গোল করেছেন। কেরালা দলের সার্নিচ ও মাহের গোল করেন।
ইস্টবেঙ্গল ২০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় সপ্তম স্থানে উঠে এসেছে।
অন্যদিকে, সমসংখ্যক ম্যাচে ৩০ পয়েন্ট পেয়ে পঞ্চম স্থানেই রইল কেরালা ব্লাস্টার্স।

*****************

বিশাখাপত্তনমে গতকাল IPL-এর ম্যাচে কলকাতা নাইটরাইডার্স দিল্লি ক্যাপিটালসকে ১০৬ রানে হারিয়ে দিয়েছে। টসে জিতে প্রথমে ব্যাট করে কলকাতা ২০ ওভারে ৭ উইকেটে ২৭২ রান করে। জবাবে ব্যাট করতে নেমে দিল্লি ক্যাপিটালস ১৭ ওভার ২ বলে ১৬৬ রান করে সকলে আউট হয়ে যায়।

*********************************************************************